গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট বিষয়ক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ০৩/০৫/২০২২ খ্রিঃ, দুপুর-১২:০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিতি | : পরিশিষ্ট ''ক'' |
| সভাপতি | : মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |

সভার শুরুতে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম শুরু করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ ম্যানুয়ালে প্রদত্ত উপজেলা পরিষদ বাজেট প্রস্তুতের ফরম্যাট অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট তৈরি করা হয়। তিনি বলেন চলতি (২০২২-২০২৩) অর্থ বছরে রাজস্ব প্রাপ্তি ১,৪৮,১৪,০০.০০ (এক কোটি আটচল্লিশ লক্ষ চৌদ্দ হাজার) টাকা এবং এগার মাসের রাজস্ব ব্যয় ৬৯,৮৮,৪২৯.০০ (উনসত্তর লক্ষ আটাশি হাজার চারশত উনত্রিশ) টাকা। সে হিসেবে চলতি অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত ৭৮,২৫,৫০৮.০০ (আটাত্তর লক্ষ পঁচিশ হাজার পাঁচশত আট) টাকা যা আগামী ২০২৩-২০২৪ অর্থ বছরের উন্নয়ন তহবিলে জমা হবে। এখানে উল্লেখ্য যে, কমপক্ষে এক মাসের প্রাতিষ্ঠানিক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় অর্থ অর্থাৎ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সমাপ্তি জের হিসেবে রাখা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের সম্ভাব্য রাজস্ব প্রাপ্তি ১,৫৮,২৫,০০০.০০ (এক কোটি আটান্ন লক্ষ পঁচিশ হাজার) টাকা, সম্ভাব্য রাজস্ব ব্যয় ৬২,৮১,৬০০.০০ (বাষট্টি লক্ষে একাশি হাজার ছয়শথ) টাকা ও রাজস্ব উদ্বৃত্ত ৯৫,৪৩,৪০০.০০ (পঁচানব্বই লক্ষ তেতাল্লিশ হাজার চারশত) টাকা। সম্ভাব্য উন্নয়ন প্রাপ্তি ৮,৫০,৯১,১৪৪.০০ (আট কোটি পঞ্চাশ লক্ষ একানব্বই হাজার একশত চুয়াল্লিশ) টাকা, সম্ভাব্য উন্নয়ন ব্যয় ৮,৫০,৯০,০০০.০০ (আট কোটি পঞ্চাশ লক্ষ নব্বই হাজার) টাকা।

উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচীর খাতওয়ারী বিভাজন সঠিকভাবে অনুসরণ করা হয়েছে। তিনি আরো উল্লেখ করেন যে, এই বাজেট উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদন গ্রহণ পূর্বক সভার কার্যবিবরণীসহ জেলা প্রশাসন ও সরকারের নিকট প্রেরণ করতে হবে।

সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি মহোদয় বলেন কৃষি ও সেচ, মৎস্য ও প্রাণিসম্পদ, ক্ষুদ্র ও কুটির শিল্প, পরিবহন ও যোগাযোগসহ গুরুত্বপূর্ণ সকল ক্ষেত্রে বরাদ্দ রাখা হয়েছে। তিনি আরো বলেন যে, বাজেটের লক্ষ্য ও উদ্দেশ্য সফলভাবে বাস্তবায়ন করতে হবে। বাজেট সভায় স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য তিনি পুনরায় সকলকে ধন্যবাদ জানান।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ আবু জাহিদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট
☎ ০৮২১-৬৭৮২২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট

স্মারক নং-০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০২৬.২২-৪১২/১

তারিখঃ ০৩ মে, ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ....................................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ........................................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা ........................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান ..............................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম.................................. সদস্য...........................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

নূসরাত লায়লা নীরা
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:স্বাক্ষরের ক্রমানুসারে:

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| **উপস্থিত কর্মকর্তাঃ** | **অনুপস্থিত কর্মকর্তাঃ** |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৬। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা,সিলেট<br>৭। উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা , দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট |